

বাংলাদেশ সোসাইটি অব ফিজিওলজিষ্টস্ (বিএসপি)

২৯/১২/২০২২ তারিখ অনুষ্ঠিত বিএসপি-র সাধারণ সভার কার্যবিবরনী

২৯ ডিসেম্বর, ২০২২ তারিখ বৃহস্পতিবার সন্ধ্যা ৬.৩০ মিনিট বিএসপি এক সাধারণ সভা অধ্যাপক রোকেয়া বেগম এর সভাপতিত্বে ভার্চুয়াল প্ল্যাট ফরম (জুম) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংরক্ষিত।

সভার কার্যবিবরনী :

আলোচ্য সূচী :

১। ২৬/১১/২০২২ তারিখ অনুষ্ঠিত বিএসপির সাধারণ সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। আহবায়ক কমিটি গঠন।

৩। বিবিধ।

আলোচ্য সূচী -১

২৬/১১/২০২২ তারিখ অনুষ্ঠিত বিএসপির সাধারণ সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

বিএসপি কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক অধ্যাপক নিলুফার রহমান উক্ত সভার কার্যবিবরনী পাঠ করেন।

আলোচনা :

বাংলাদেশে ২০২৪ সালে SAAP-9 কনফারেন্স অনুষ্ঠিত হওয়ার বিষয় নিয়ে বিশদ আলোচনা করা হয়। বাংলাদেশ থেকে সেক্রেটারী জেনারেল নিযুক্ত করা না হলে বাংলাদেশে SAAP-9 কনফারেন্স করা অনেক সমস্যা হবে। বিষয়টি SAAP সভাপতি, অধ্যাপক Mangala Gunatilake সহ সংস্থটির অনেক সদস্যকে জানানো হয়। SAAP সভাপতি বিষয়টি SAAP এডভাইজারি কমিটিতে আলোচনা করা হবে বলে অবগত করেন।

সিদ্ধান্ত :

উপস্থিত সদস্যবৃন্দ বাংলাদেশ থেকে সেক্রেটারী জেনারেল নিযুক্ত করে SAAP-9 কনফারেন্স বিষয়ে একমত প্রকাশ করেন।

আলোচ্য সূচী-২

আহবায়ক কমিটি গঠন

আলোচনা :

মাননীয় সভাপতি, অধ্যাপক রোকেয়া বেগম, সমাজ সেবা অধিদপ্তর পত্র নং ৪১.০১.২৬০০.০০০.২৮.৫১৩.৮৭-১৬৮২, তারিখঃ ২৫/০৯/২০২২ এবং সূত্র নং ৪১.০১. ২৬০০.০৮২.১৮.১১৮.১৯.৩১৪, তারিখ ৩১/০৭/২০২২ এর উপ পরিচালক জনাব মোঃ রকনুল হক এর চিঠি পাঠ করেন। অধ্যাপক ফরিদা আদিব খানম ও অধ্যাপক নাসিম জাহান সহ অনেকে এ বিষয়ে বিশদ আলোচনা করেন। উপস্থিত সকলে ০৩ (তিনি) সদস্য বিশিষ্ট একটি আহবায়ক কমিটি গঠনের প্রস্তাব রাখেন। মাননীয় সভাপতি প্রথমে আহবায়ক কমিটির সভাপতির নাম আহবান করেন। ডাঃ শামস রুহানী ইসলাম, সভাপতি হিসাবে অধ্যাপক ফরিদা আদিব খানম এর নাম প্রস্তাব করেন। উপস্থিত সকল সদস্যবৃন্দ এই প্রস্তাবে স্বত্ত্বাস্ফূর্ত ভাবে একমত প্রকাশ করেন।

পরবর্তীতে অধ্যাপক নাসিম জাহান কমিটির সদস্য হিসাবে অধ্যাপক ইউ.এস, নাসিমা বেগম এর নাম প্রস্তাব করেন। অধ্যাপক নিলুফার রহমান কমিটির সদস্য হিসাবে মোঃ আরু মাসুদ সদস্য, বি এস পি এর নাম প্রস্তাব করেন। সদস্য হিসাবে আর কোন প্রস্তাব না থাকায় উপস্থিত সদস্য বৃন্দের সম্মতি ক্রমে ০২ (দুই) জন সদস্যের নামের প্রস্তাব রাখা হয়।

বাংলাদেশ সোসাইটি অব ফিজিওলজিষ্টস্ (বিএসপি)

নিম্নে ০৩ (তিনি) সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির তালিকা :

সভাপতি

অধ্যাপক ফরিদা আদিব খানম

অধ্যাপক, ফিজিওলজি

আজীবন সদস্য, বি এস পি

উপদেষ্টা, গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ

প্রাক্তন, সদস্য, পাবলিক সার্ভিস কমিশন

প্রাক্তন, ডাইরেক্টর জেনারেল

প্রধান মন্ত্রী কার্যালয়।

প্রাক্তন অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, কুমিল্লা মেডিকেল কলেজ, ইষ্টার্ন মেডিকেল কলেজ,
কুমিল্লা, গণস্বাস্থ্য সমাজ ভিত্তিক মেডিকেল কলেজ।

সদস্য-১ :

অধ্যাপক ইউ এস নাইমা বেগম

অধ্যাপক (অনারারী), ফিজিওলজি

বিক্রম ভুঁইয়া মেডিকেল কলেজ

সহ-সভাপতি, বি এস পি।

সদস্য-২ :

মোঃ আবু মাসুদ

সদস্য, বি এস পি

সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন,

বাংলাদেশ সরকার।

সিদ্ধান্ত : উপরোক্ত ০৩ (তিনি) সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি উপস্থিত সদস্যদের সম্বতি ক্রমে গৃহীত হয়।

আলোচ্য সূচী-০৩

বিবিধ।

আলোচনা :

অধ্যাপক নাসিম জাহান, অধ্যাপক দিলরুবা সিরাজী সহ উপস্থিত সকলে গঠিত আহবায়ক কমিটির সদস্যদেরকে
স্বাগত জানান। অধ্যাপক ফরিদা আদিব খানম আহবায়ক কমিটির সভাপতি মনোনীত করায় উপস্থিত সকলকে
ধন্যবাদ জানান। তিনি অন্য ২ সদস্যদের সঙ্গে আলোচনা করে খুব শীত্রে কমিটির কাজ শুরু করার আশা ব্যক্ত
করেন এবং এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ এবং নতুন বছরের শুভেচ্ছা জানিয়ে
সভার সমাপ্তি ঘোষনা করেন।

অধ্যাপক রোকেয়া বেগম

সভাপতি, বি এস পি

অধ্যাপক নিলুফার রহমান

সাধারণ সম্পাদক, বি এস পি